একই স্মারক ও তারিখের স্থলাভিসিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রকল্প পরিচালকের কার্যালয়

প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প (২য় সংশোধিত)

প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা- ১২১৫।

স্মারক নং- ৩৩.০১.০০০০.৮৩৯.০৭.০০৪.২১- ৯০ তারিখঃ ০৭-১০-২০২৬ খ্রি.

বিষয়ঃ ২০২৬-২৭ অর্থবছরে খামারী প্রশিক্ষণ এবং লিগুমিনাস ঘাস চাষ ও হে প্রযুক্তি গ্রহণকারীদের তালিকা প্রেরণ প্রসংগে।

সূত্রঃ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৩৩.০০.০০০০.০০০.১৩৮.১৪.০০০২.২২.১১১,তারিখ: ০৬-১০-২০২৬খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাণিসম্পদ অধিদপ্তরে চলমান ''প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর শীর্ষক প্রকল্প (২য় সংশোধিত) এর মাধ্যমে ২০২৬-২৭ অর্থবছরে উপজেলা পর্যায়ে খামারী প্রশিক্ষণ সম্পাদনের লক্ষ্যে ১৫ তম ষ্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্তের আলোকে সুফলভোগী প্রশিক্ষণার্থীদের তালিকা উপজেলা কমিটির মাধ্যমে হালনাগাদ করে মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা রয়েছে। প্রতিটি ইউনিয়ন হতে মোট ২০ জন খামারীকে প্রশিক্ষণ প্রদানের সংস্থান ডিপিপিতে রয়েছে। এমতাবস্থায়, ষ্টিয়ারিং কমিটির সিদ্ধান্তের আলোকে পূর্বে প্রশিক্ষণ প্রাপ্তদের বাদে অবশিষ্টদের তালিকা উপজেলা কমিটির মাধ্যমে হালনাদগাদ করে নির্বাচন পূর্বক প্রকল্প দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। এ তালিকার মধ্যেই প্রতি ইউনিয়নে ২ জন খামারীকে লিগুমিনাস ঘাস চাষের প্রদর্শনী প্লট ও ২ জন খামারীকে হে প্রযুক্তি প্রদর্শনের জন্য কমিটি নির্দিষ্টকরে তালিকা হালনাগাদ করবেন। যে সকল উপজেলায় ইতিমধ্যেই প্রশিক্ষণ কার্যক্রম সমাপ্ত হয়েছে সেসকল উপজেলায় লিগুমিনাস ঘাস চাষের জন্য ও হে প্রযুক্তি প্রদর্শনের জন্য খামারীর তালিকা কমিটির মাধ্যমে হালনাগাদ পূর্বক প্রকল্প দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

অতএব, ২০২৬-২৭ অর্থবছরে উপজেলা পর্যায়ে বাস্তবায়ীতব্য খামারী প্রশিক্ষণের জন্য সুফলভোগীদের তালিকা উপজেলা কমিটির মাধ্যমে প্রস্তুতপূর্বক সংযুক্ত Excell sheet পূরণ করে Soft Copy এবং হার্ড কপি আগামী ২৬/১০/২০২৬ খ্রি. তারিখের মধ্যে প্রকল্প দপ্তরের andfcdls@gmail.com মেইলে প্রেরনের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

সংযুক্ত: ১.Excel Sheet- ১ প্রস্থ।

২. লিগুমিনাস ঘাস চাষী খামারী ও হে প্রযুক্তি গ্রহণকারী খামারী নির্বাচনের কমিটি-১ প্রস্থ।

৩. সুফলভোগী নির্বাচনের গাইড লাইন- ১ প্রস্থ।

০৭/১০/২০২৬

(ডাঃ মোঃ হাবিবুর রহমান)

প্রকল্প পরিচালক

প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ

সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প (২য় সংশোধিত)

প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

Email: andfcdls@gmail.com

মোবাইল নং- ০১৭১৮৬২৩৪৭৪

প্রাপক,

উজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সকল)।

সদয় অবগতি ও কার্যার্থে (জ্যাষ্ঠতার ভিত্তিতে নহে) অনুলিপি প্রেরণ করা হ'লঃ

১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

২। পরিচালক, সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

৩। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/রংপুর/বরিশাল/ময়মনসিংহ।

৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সকল)

৫। আইসিটি কর্মকর্তা, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (ডিএলএস এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।

৬। অফিস কপি।